অতীব জরুরী

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.০৪২.০৩৩.০১.০০.১৪৫.২০১১.২৫৯৩

তারিখঃ ০৪ পৌষ ১৪২৩
১৮ ডিসেম্বর ২০১৬

বিষয়ঃ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর আওতায় CLC পরিচালনা ব্যয় সংক্রান্ত।

সূত্র ঃ সচিব প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর ২৮ জুলাই, ২০১৬ তারিখের ৩৩২ নং আধাসরকারি পত্র।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিরক্ষর নারী-পুরুষকে সাক্ষরতার আওতায় এনে এবং তা ধরে রাখার জন্য উপানুষ্ঠানিক শিক্ষ ব্যুরো'র তত্ত্বাবধানে এবং UNESCO - এর আর্থিক সহায়তায় সিলেট ও রংপুর জেলায় পরীক্ষমূলকভাবে (পাইলট প্রকল্প) ইউনিয়ন নন-ফরমাল রিসোর্স সেন্টার UNRC এবং কমিউনিটি লার্নিং সেন্টার CLC চলমান রয়েছে। এলাকার সুবিধাবঞ্চিত পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জন্য কমিউনিটি লার্নিং সেন্টার (CLC) পরিচালিত হচ্ছে এবং নিরক্ষরদের জন্য সাক্ষরজ্ঞান প্রদান এবং নব্য সাক্ষরগণ বই-পুস্তক, পত্র-পত্রিকা পড়ার পাশাপাশি দর্জি, কৃষি বিষয়ক, ব্লক-বাটিকসহ বাজার চাহিদা অনুযায়ী বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। উক্ত UNRCএবং CLC এর একটি ব্যবস্থাপনা কমিটি আছে; যার সভাপতি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। প্রতিটি কেন্দ্রে একটি করে ব্যাংক হিসাব পরিচালিত হচ্ছে যেখানে কমিউনিটি ডোনেশনের পাশাপাশি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ এডিপি'র খাত থেকে আর্থিক সহায়তা করে থাকেন।

২। এডিপি'র স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জন্য শিক্ষা খাতে যে বরাদ্দ প্রদান করা হয়ে থাকে সেখান থেকে একটি অংশ এ মন্ত্রণালয়ের অধীন উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর আওতায় CLC পরিচালনার ব্যয়ের জন্য জেলা প্রশাসক, জেলা পরিষদ প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা চেয়ারম্যান এবং ইউনিয়ন পরিষদ চেরায়ম্যানগণের কাছে নির্দেশনা প্রদান করার জন্য সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় অনুরোধ জানিয়েছেন।

৩। এমতাবস্থায়, সচিব, প্রাধমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর আধাসরকারি পত্রে উল্লিখিত বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(জুবাইদা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

পরিচালক, স্থানীয় সরকার
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।

অনুলিপি:-

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ৬১ জেলা পরিষদ (তিনটি পার্বত্য জেলা ব্যতীত)।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

-৫৩-

সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং ৩৮.০০.০০০০.০১১.৩৫.০২৪.১৬- ৩৬২

তারিখ : ২৮ জুলাই, ২০১৬

প্রতি প্রিয় সহকর্মী,

আপনি বিশেষভাবে অবগত আছেন যে, বর্তমান সরকার যে সমস্ত অর্জনের জন্য আজ বিশ্বব্যাপী স্বীকৃতি লাভ করেছে তার অন্যতম হচ্ছে শতভাগ শিশুকে প্রাথমিক পর্যায়ে স্কুলে নিয়ে আসা। পাশাপাশি নিরক্ষর সকল নারী-পুরুষকে সাক্ষরতার আওতায় এনে এবং তা ধরে রাখার জন্য উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র তত্ত্বাবধানে এবং UNESCO-এর আর্থিক সহায়তায় সিলেট ও রংপুর জেলায় পরীক্ষামূলকভাবে (পাইলট প্রকল্প) ইউনিয়ন নন-ফরমাল রিসোর্স সেন্টার (UNRC) এবং কমিউনিটি লার্নিং সেন্টার (CLC) চলমান রয়েছে। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের একটি কক্ষে অব্যাহত শিক্ষা ও বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচি ঐ এলাকার সুবিধাবঞ্চিত পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জন্য কমিউনিটি লার্নিং সেন্টার (CLC) পরিচালিত হচ্ছে এবং নিরক্ষরদের জন্য সাক্ষরজ্ঞান প্রদান এবং নব্য সাক্ষরগণ বই-পুস্তক, পত্র-পত্রিকা পড়ার পাশাপাশি দর্জি, কৃষি বিষয়ক, ব্লক-বাটিকসহ বাজার চাহিদা অনুযায়ী বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। উক্ত UNRC এবং CLC এর একটি ব্যবস্থাপনা কমিটি আছে;যার সভাপতি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। প্রতিটি কেন্দ্রে একটি করে ব্যাংক হিসাব পরিচালিত হচ্ছে যেখানে কমিউনিটি ডোনেশনের পাশাপাশি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ এডিপির খাত থেকে আর্থিক সহায়তা করে থাকেন।

আপনি আরও অবগত আছেন যে ইতোমধ্যে উপানুষ্ঠানিক শিক্ষা আইন সরকার কর্তৃক গৃহীত হয়েছে। সপ্তম পঞ্চ বার্ষিক পরিকল্পনায় উপানুষ্ঠানিক শিক্ষা সাব-সেক্টর ৩২.৫ মিলিয়ন নিরক্ষরকে সাক্ষর করা, অব্যাহত ও জীবনব্যাপী শিক্ষার জন্য ৫০২৫ টি আইসিটি ভিত্তিক কমিউনিটি লার্নিং সেন্টার প্রতিষ্ঠা এবং ৫ মিলিয়ন মৌলিক সাক্ষরতা গ্রাজুয়েট এর জন্য কার্যকর জীবিকায়ন দক্ষতা প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ বিশাল লক্ষ্যমাত্রা অর্জনে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ও গৃহীতব্য সকল কার্যক্রমে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সক্রিয় এবং কার্যকর সহযোগিতা প্রয়োজন।

এমতাবস্থায়, এডিপির স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জন্য শিক্ষা খাতে যে বরাদ্দ প্রদান করা হয়ে থাকে সেখান থেকে একটি অংশ এ মন্ত্রণালয়ের অধীন উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর আওতায় CLC পরিচালনা ব্যয়ের জন্য আপনার নির্দেশনার প্রয়োজন। এই প্রেক্ষাপটে আপনার মন্ত্রণালয় থেকে জেলা প্রশাসক, জেলা পরিষদ প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা চেয়ারম্যান এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের কাছে নির্দেশনা পত্র প্রেরণ করার বিষয়ে আপনার ব্যক্তিগত হস্তক্ষেপ কামনা করছি।

ধন্যবাদান্তে,

যুগ্ম-সচিব (প্রঃ) এর দপ্তর
স্থানীয় সরকার বিভাগ
স্মারক নং ২০১২
তারিখ:
স্বাক্ষর
যুগ্ম-সচিব (প্রশাসন)
শাখা ঃ প্রশাসন-১/২/৩

আন্তরিকভাবে আপনার,

(মো: হুমায়ুন খালিদ)

জনাব আবদুল মালেক
সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সরকার, ঢাকা

FILENAME : D:\BLR\Budget & Fund Release\CLC DO.doc